**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
**হাইকোর্ট বিভাগ, ঢাকা।**
**(লাইব্রেরী শাখা)**
**www.supremecourt.gov.bd**

স্মারক নং- ৫৩০৫ (১-২৬)

তারিখঃ ৩১ জৈষ্ঠ্য ১৪২৯ বঙ্গাব্দ
১৪ জুন ২০২২ খ্রিস্টাব্দ

**বিষয় ঃ- অধস্তন আদালতের বিচারকগণ কর্তৃক Bdlex (Online Legal Research Database) ব্যবহার সংক্রান্ত নির্দেশাবলী**

নির্দেশিত হয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অধস্তন আদালতসমূহে বিচারিক কাজে প্রয়োজনীয় নজির ব্যবহারের জন্য পর্যাপ্ত সংখ্যক নজির আইন সংহিতা (Law Reports: DLR/BLD/MLR/BLC etc.) নেই মর্মে **Monitoring Committees for Subordinate Courts** এর নিকট প্রতীয়মান হয়েছে। এমতাবস্থায় মনিটরিং কমিটিসমূহের সুপারিশের প্রেক্ষিতে সারাদেশের অধস্তন আদালতের বিচারকগণের ব্যবহারের জন্য BDlex (Online Legal Research Database) এর ১৫০ টি Subscription ID ক্রয় করা হয়েছে।

০২। BDlex Information Services Pvt. Ltd. কর্তৃক BDlex নিম্নলিখিত অনলাইন আইনি সেবা প্রদান করে থাকে-

**Judgements-**

(1) Supreme Court of Bangladesh (1972- till date)
(2) Supreme Court of India (1950 till date)
(3) Supreme Court of Pakistan (1951-1970)
(4) High Courts of East Pakistan, West Pakistan, Lahore, Peshwar, Sindh, Karachi (1950-1970)
(5) Supreme Court of Sri Lanka (1950 till date)
(6) Privy Council Cases (Pre 1950)

**Bare Acts/Ordinances/Orders-**

(1) Bangladesh
(2) India
(3) Pakistan

০৩। অধস্তন আদালতের বিচারকগণ রায়/আদেশ প্রদানের ক্ষেত্রে আইন গবেষণাসহ অন্যান্য বিচারিক কাজে BDLex ব্যবহার করতে পারবেন। অধস্তন আদালতের জন্য গঠিত ০৮ বিভাগের ০৮ টি মনিটরিং কমিটির সাচিবিক সহায়তা প্রদানকারী কর্মকর্তাদের মাধ্যমে নিম্নোক্ত ছকের **'খ' কলামে** উল্লিখিত বিভাগসমূহের প্রত্যেক জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত/বিশেষ জজ আদালত এবং ট্রাইব্যুনালসমূহে **'গ' কলামে** বর্ণিত সংখ্যক BDLex Subscription ID ও Password সরবরাহ করা হবে।

| **ক্র.নং** | **বিভাগসমূহ** | **ID সংখ্যা** | **দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নাম ও পদবী** |
|---|---|---|---|
| **(ক)** | **(খ)** | **(গ)** | **(ঘ)** |
| ০১. | ঢাকা বিভাগ | ৩২ টি ID | জনাব মোঃ আব্দুছ সালাম<br>ডেপুটি রেজিস্ট্রার |
| ০২. | চট্টগ্রাম বিভাগ | ২৫ টি ID | জনাব মিটফুল ইসলাম<br>সহকারী রেজিস্ট্রার |
| ০৩. | রাজশাহী বিভাগ | ১৮ টি ID | জনাব মোঃ ওমর হায়দার<br>সহকারী রেজিস্ট্রার |

| | | | |
|---|---|---|---|
| ০৪. | খুলনা বিভাগ | ২২ টি ID | জনাব সানজিদা সরওয়ার<br>সহকারী রেজিস্ট্রার |
| ০৫. | বরিশাল বিভাগ | ১৪ টি ID | জনাব মোঃ সুলতান সোহাগ উদ্দিন<br>সহকারী রেজিস্ট্রার |
| ০৬. | সিলেট বিভাগ | ০৯ টি ID | জনাব মোঃ হারুন রেজা<br>সহকারী রেজিস্ট্রার |
| ০৭. | রংপুর বিভাগ | ১৭ টি ID | জনাব জীবরুল হাসান<br>রেজিস্ট্রার জেনারেল-এর একান্ত সচিব |
| ০৮. | ময়মনসিংহ বিভাগ | ০৮ টি ID | জনাব মোঃ হায়দার আলী<br>সহকারী রেজিস্ট্রার |
| ০৯. | বাংলাদেশ সুপ্রীম কোর্ট | ০৫ টি ID<br>**(সংরক্ষিত)** | জনাব মোহাম্মদ আবদুল মোমেন<br>লাইব্রেরীয়ান |

০৪। কোন বিভাগের জন্য নির্ধারিত BDlex Subscription ID অন্য কোন বিভাগে কর্মরত বিচারকগণ ব্যবহার করবেন না। কোন বিচারক অন্য বিভাগের কোন জেলায় বদলি হলে তিনি বদলিকৃত বিভাগের জন্য নির্ধারিত Subscription ID ব্যবহার করবেন। সুপ্রীম কোর্ট কর্তৃক সরবরাহকৃত BDlex Subscription ID সমূহ অধস্তন আদালতের বিচারকগণ ব্যতীত অন্য কোন ব্যক্তি ব্যবহার করার জন্য অনুমোদিত নয় বিধায় উক্ত Subscription ID ও Password সমূহ অন্য কোন ব্যক্তিকে সরবরাহ না করা এবং বর্ণিত Subscription ID ও Password সমূহের গোপনীয়তা বজায় রাখার জন্য অধস্তন আদালতের সকল বিচারকগণকে অনুরোধ করা হলো।

০৫। অধস্তন আদালতের বিচারকগণ **www.bdlex.com** ওয়েবসাইটে প্রবেশ করলে **"Training"** অপশন এ গিয়ে **"Training Manual"** থেকে **Bdlex** ব্যবহার সংক্রান্তে প্রাথমিক ধারণা অর্জন করতে পারবেন। BDlex এর ব্যবহার সংক্রান্তে কোম্পানী কর্তৃক প্রকাশিত পুস্তিকা (Brochure) ও Video Tutorial অধস্তন আদালতের বিচারকগণের নিকট প্রেরণ করা হবে এবং BDlex Information Services Pvt. Ltd. কর্তৃক Zoom প্লাটফর্মের মাধ্যমে এ সংক্রান্ত বিস্তারিত ধারণা প্রদান করা হবে।

০৬। প্রত্যেক জজশীপ/ম্যাজিস্ট্রেসির সকল বিচারকগণ তাঁদের বিভাগের জন্য নির্ধারিত BDlex Subscription ID ব্যবহার করতে পারবেন। তবে একটি Subscription ID একই সময়ে একাধিক বিচারক ব্যবহার করতে পারবেন না। এক্ষেত্রে কোন BDlex Subscription ID ব্যস্ত পাওয়া গেলে অন্য কোন Subscription ID দিয়ে লগ ইন করতে হবে।

০৭। যদি কোন বিচারক BDlex ব্যবহার করতে কোন সমস্যার সম্মুখীন হন, তবে তিনি BDlex Information Services Pvt. Ltd. এর **সিনিয়র ম্যানেজার জনাব মিরাজ আহমেদ (মোবাইলঃ ০১৭১৫-৭৯৭৯৮৩/ ০১৬৮৯-৪৯০১৪৩)** এবং হাইকোর্ট বিভাগের জাজেস লাইব্রেরির লাইব্রেরিয়ান **জনাব মোহাম্মদ আবদুল মোমেন (মোবাইলঃ ০১৭১৪-৪৭০১৭০)** এর সাথে যোগাযোগ করতে পারবেন।

১৪.৬.২০২২

(মোঃ বজলুর রহমান)
রেজিস্ট্রার জেনারেল
ফোনঃ ০২-২২৩৩৮২৭৮৫
ইমেইলঃ rg@supremecourt.gov.bd

স্মারক নং- ৫১০৫ (১-২৩)

তারিখঃ ৩১ জৈষ্ঠ্য ১৪২৯ বঙ্গাব্দ
১৪ জুন ২০২২ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জেলা ও দায়রা জজ,..........................................................(সকল)।
৩. মহানগর দায়রা জজ,..........................................................(সকল)।
৪. বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত,..........................................(সকল)।
৫. বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল,..............................(সকল)।
৬. বিচারক (জেলা জজ),জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,......................(সকল)।
৭. বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,..................................................(সকল)।
৮. বিচারক (জেলা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল,..............................(সকল)।
৯. বিচারক (জেলা জজ),সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল,.....................................(সকল)।
১০. সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১১. সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল, ঢাকা।
১২. সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১৩. চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত,.................................................(সকল)।
১৪. স্পেশাল জজ ( জেলা জজ), স্পেশাল জজ আদালত..................................(সকল)।
১৫. বিচারক ( জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।
১৬. সদস্য (জেলা জজ), কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট অ্যাপীলেট ট্রাইব্যুনাল,............(সকল)।
১৭. চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা।
১৮. বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল,............................................(সকল)।
১৯. বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২০. সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইবুনাল, দ্বৈত বেঞ্চ -৫, ঢাকা।
২১. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,.............................................................(সকল)।
২২. চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, .......................................................(সকল)।
২৩. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৪/০৬/২০২২

(মোঃ আব্দুছ সালাম)
ডেপুটি রেজিস্ট্রার (প্রটোকল)
হাইকোর্ট বিভাগ, ঢাকা।